# বার্ষিক প্রতিবেদন

# ২০২০-২১




## ময়মনসিংহ সিটি কর্পোরেশন

# বার্ষিক প্রতিবেদন
# ২০২০-২১

ময়মনসিংহ সিটি কর্পোরেশন



ময়মনসিংহ
সিটি কর্পোরেশন

# বার্ষিক প্রতিবেদন
# ২০২০-২১

**প্রকাশকাল :: অক্টোবর ২০২১**

প্রধান পৃষ্ঠপোষক
**মোঃ ইকরামুল হক টিটু**
মেয়র, ময়মনসিংহ সিটি কর্পোরেশন

উপদেষ্টা
**মোঃ আনোয়ার হোসেন**
প্রধান নির্বাহী কর্মকর্তা
ময়মনসিংহ সিটি কর্পোরেশন

সম্পাদক
**রাজীব কুমার সরকার**
সচিব, ময়মনসিংহ সিটি কর্পোরেশন

সহযোগী সম্পাদক
**শেখ মহাবুল হোসেন রাজীব**
সচিব, ময়মনসিংহ সিটি কর্পোরেশন

সম্পাদনা পর্ষদ
**অন্নপূর্ণা দেবনাথ,** প্রধান ভান্ডার ও ক্রয় কর্মকর্তা, ময়মনসিংহ সিটি কর্পোরেশন
**মোঃ আরিফুর রহমান,** প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ময়মনসিংহ সিটি কর্পোরেশন
**সেঁজুতি ধর,** প্রধান রাজস্ব কর্মকর্তা, ময়মনসিংহ সিটি কর্পোরেশন
**মোঃ রফিকুল ইসলাম মিঞা,** প্রধান প্রকৌশলী, ময়মনসিংহ সিটি কর্পোরেশন
**মানস বিশ্বাস,** প্রধান পরিকল্পনাবিদ, ময়মনসিংহ সিটি কর্পোরেশন
**উম্মে হালিমা,** সমাজকল্যাণ কর্মকর্তা, ময়মনসিংহ সিটি কর্পোরেশন

প্রচ্ছদ, অলংকরণ ও মুদ্রণ
**সবুজ প্রাঙ্গণ**
৯ আমপট্টি রোড, ময়মনসিংহ-২২০০
মোবাইল : ০১৭৭৭ ৫৩২ ১৪৪
E-mail : sabujprangon21@gmail.com

بسم الله الرحمن الرحيم

# বানী

মেয়র

ময়মনসিংহ সিটি কর্পোরেশন



উপমহাদেশের ঐতিহ্যবাহী জনপদ ময়মনসিংহ। শিক্ষা-শিল্প, সাহিত্য-সংস্কৃতি, অর্থনীতি-রাজনীতিসহ জাতীয় জীবনের প্রতিটি ক্ষেত্রে ময়মনসিংহের অবদান আপন দীপ্তিতে ভাস্বর। যুগপরিক্রমায় দেশের দ্বাদশ সিটি কর্পোরেশন হিসেবে ময়মনসিংহকে ঘোষণা করা হয়েছে ২০১৮ সালের ১৪ অক্টোবর। ময়মনসিংহ সিটি কর্পোরেশনের বার্ষিক প্রতিবেদন ২০২০-২১ প্রকাশ করতে পেরে আমরা অত্যন্ত আনন্দিত। প্রতিবেদন তৈরিতে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিভাবন জানাই।

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা গড়ে তোলার স্বপ্ন বাস্তবায়নে বলিষ্ঠ ও যোগ্য নেতৃত্ব দিয়ে চলেছেন তাঁরই কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তাঁর দূরদর্শী কর্ম পরিকল্পনা ও উন্নয়ন কৌশল বাংলাদেশকে দ্রুত উন্নয়নের সোপানে ধাবিত করে চলেছে।

স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসেবে ময়মনসিংহ সিটি কর্পোরেশন অত্যন্ত গুরুত্বপূর্ণ। ২০২৫ সালের মধ্যে পরিকল্পিত অবকাঠামো নির্মাণ, আর্থ-সামাজিক উন্নয়ন, উন্নত জীবনমান নিশ্চিতকরণ, ময়মনসিংহ সিটি কর্পোরেশনের সামর্থ্য ও সুযোগসমূহ কাজে লাগিয়ে সুষ্ঠু, সুন্দর, দারিদ্র্যমুক্ত, পরিচ্ছন্ন আধুনিক তিলোত্তমা নগরী হিসেবে ময়মনসিংহকে তৈরি করার জন্য ময়মনসিংহ সিটি কর্পোরেশন প্রতিনিয়ত কাজ করে যাচ্ছে।

নাগরিক সুবিধা নিশ্চিতকল্পে যুগোপযোগী বিভিন্ন প্রকল্প গ্রহণ করার পাশাপাশি করোনা ভাইরাস মোকাবেলায় ময়মনসিংহ সিটি কর্পোরেশনের ভূমিকা সর্বস্তরে প্রশংসিত হয়েছে। আস্থা ও সুনামের সাথে এই মহামারী মোকাবেলায় ময়মনসিংহ সিটি কর্পোরেশন কাজ করে যাচ্ছে। এছাড়াও জলাবদ্ধতা নিরসন, যানজট, ডেঙ্গু ও চিকনগুনিয়া নিধনসহ বিভিন্ন রোগ প্রতিরোধে ময়মনসিংহ সিটি কর্পোরেশন জনগণের স্বাস্থ্য সুরক্ষায় সর্বদা সচেষ্ট।

ময়মনসিংহ সিটি কর্পোরেশনের পথ পরিক্রমায় প্রত্যেক নাগরিকের একান্ত সহযোগিতা কামনা করছি।

**মোঃ ইকরামুল হক টিটু**

# ময়মনসিংহ সিটি কর্পোরেশন

# বার্ষিক প্রতিবেদন ২০২০-২১

## বিষয়ক্রম


একনজরে ময়মনষিংহ সিটি কর্পোরেশন ......০৫
ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মানচিত্র ......০৬
ময়মনসিংহ সিটি কর্পোরেশনের জোনভিত্তিক মানচিত্র ......০৭
সিটি কর্পোরেশনের বিভাগভিত্তিক প্রতিবেদন ......০৮-১১
মুজিববর্ষ উদযাপন ও
স্বাধীনতার ৫০ বছর পূর্তি উপলক্ষে গৃহীত কর্মসূচী ......১২-১৩
সিটিজেন চার্টার ......১৪-২০


### স্থিরচিত্র



ময়মনসিংহ সিটি কর্পোরেশনে চলমান বিভিন্ন উন্নয়ন কর্মকান্ড ...... ২১-২৪
কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলায় গৃহীত উদ্যোগ ...... ২৫-৩০

# একনজরে ময়মনসিংহ সিটি কর্পোরেশন

| | |
|---|---|
| সিটি কর্পোরেশনের নাম | ময়মনসিংহ সিটি কর্পোরেশনর |
| স্থাপিত | ১৪ অক্টোবর ২০১৮ |
| আয়তন | ৯০.১৭৩৬ বর্গকিলোমিটার |
| সীমানা | উত্তরে খাগডহর, দক্ষিণে সুতিয়াখালী<br>পূর্বে চর ঈশ্বরদিয়া, পশ্চিমে দাপুনিয়া |
| জনসংখ্যা | সাড়ে ৮ লক্ষ (প্রায়) |
| ভোটার সংখ্যা | ২,৯৬,৯৩৮ জন<br>পুরুষ : ১,৪৬,৪৫৮<br>মহিলা ১৫০,৪৮০ জন |
| ভোট কেন্দ্রের সংখ্যা | ১৮৭টি |
| জোন | ৩টি |
| ওয়ার্ড সংখ্যা | ৩৩টি |
| মহল্লা সংখ্যা | ৩৫৭টি |

# ময়মনসিংহ সিটি কর্পোরেশনের
# মানচিত্র


প্রতিষ্ঠা : ১৪ অক্টোবর, ২০১৮
ওয়ার্ড সংখ্যা : ৩৩টি



# ময়মনসিংহ সিটি কর্পোরেশনের

## জোনভিত্তিক মানচিত্র

জোন সংখ্যা : ৩



# সিটি কর্পোরেশনের বিভাগভিত্তিক প্রতিবেদন

প্রশাসন বিভাগ : স্থানীয় পর্যায়ে সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে কর্মকর্তা কর্মচারীদের নিয়মিত প্রশিক্ষণ কর্মসূচী চালু। জনগণের সুবিধা প্রাপ্তির ব্যবস্থাকে আধুনিকায়নের জন্য ওয়ান ষ্টপ সার্ভিস চালু করা হয়েছে। নাগরিকদের দ্রুত সেবা প্রদানের লক্ষ্যে ডিজিটাল নথি ব্যবস্থাপনার মাধ্যমে সহজেই সকল সেবা প্রদান করা সম্ভব হচ্ছে

## প্রকৌশল বিভাগ

ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকায় যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে বিলুপ্ত পৌরসভায় ১৬৫ কিঃ মিঃ সড়ক, ১২০ কিঃ মিঃ ড্রেন সহ ভৌত অবকাঠামো উন্নয়নে মোট ২২০ কোটি টাকা ব্যয় করা হয়েছে। পুরনো ড্রেন সংস্কারের পাশাপাশি প্রায় ২০ কিলোমিটার নতুন আরসিসি ড্রেন, আন্ডারগ্রাউন্ড পাইপ ড্রেন নির্মাণ করা হয়েছে যেগুলোর মধ্যে মিন্টু কলেজ থেকে বিপিন পার্ক স্টেশন ও স্টেশন থেকে থানাঘাট পর্যন্ত ৮০০ মিটার আন্ডারগ্রাউন্ড পাইপ ড্রেন নির্মাণ, কাশবন আবাসিক এলাকার ড্রেনেজ নেটওয়ার্ক নির্মাণ, নাটককঘর লেন থেকে ডিবি রোড হয়ে সেহড়াখাল পর্যন্ত আন্ডারগ্রাউন্ড পাইপড্রেন নির্মাণ অন্যতম। এর ফলে শহরের অভ্যন্তরে জলাবদ্ধতার সৃষ্টি হচ্ছে না। তাছাড়া, জলাবদ্ধতা নিরসন সক্ষমতা বাড়াতে নগরীর ভেতর দিয়ে প্রবাহিত খাল খনন চালু রাখার পাশাপাশি যথাযথ ব্যবস্থাপনার জন্য পরামর্শক নিয়োগ দেওয়া হয়েছে। স্টেশন রোড, বড় বাজার, কাশর রোড, বাউন্ডারী রোড, বাঘমারা রেলক্রসিং রোড, মেহগনি রোড, আবুল মনসুর সড়কসহ নগরের ১০টি গুরুত্বপূর্ণ সড়ক প্রস্তুতকরণ করা হয়েছে। নির্মাণ করা হচ্ছে ৪৪ কিলোমিটার নতুন সড়ক। নাগরিকদের সুপেয় পানির জন্য স্থাপন করা হয়েছে ১৫ টি গভীর নলকূপ, নতুন সংযুক্ত করা হয়েছে ২৪ কি: মি: পাইপলাইন। গত ডিসেম্বরে একনেকে ময়মনসিংহ সিটি করপোরেশনের অবকাঠামো উন্নয়ন ও নাগরিক সেবার উন্নয়নে ১৫৭৫ কোটি টাকার প্রকল্প অনুমোদন করা হয়েছে। ইতোমধ্যে এ প্রকল্পের আওতায় প্রায় ২০০ কোটি টাকার টেন্ডার প্রদান করা হয়েছে। সিটি এলাকাকে আলোকিত করার জন্য স্থাপন করা হয়েছে ২০২৫টি আধুনিক এলইডি লাইট। এছাড়া চলমান আছে ৪৯ কোটি টাকার প্রকল্প। এ প্রকল্পের মাধ্যমে ২০২১ সালের মধ্যে সিটির ১৮২ কিলোমিটার সড়ক আলোকিত করা হবে। যার ৩৯ কিলোমিটারের কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। আবুল মনসুর সড়কে ফুটপাত ও ডিভাইডার নির্মাণের পাশাপাশি করা হয়েছে বৃক্ষরোপণ। থানাঘাটের সামনে ফুটপাত নির্মাণসহ আনন্দ মোহন কলেজ, নওমহল ও ল্যাবরেটরি স্কুলের সামনে অভিভাবকদের জন্য করা হয়েছে অভিভাবক ছাউনি। জেলা প্রশাসকের বাংলোর সামনে থেকে ঈদগাহ মাঠ পর্যন্ত সৌন্দর্যবর্ধন করা হয়েছে। জয়নুল উদ্যানকে নান্দনিক আলোয় সজ্জিত করা হয়েছে। সংস্কার করা হয়েছে শহরের ঐতিহ্যবাহী বিপিন পার্ককেও।

## নগরপরিকল্পনা বিভাগ

ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকায় ভবন নির্মাণের জন্য প্ল্যান অনুমোদনের ক্ষেত্রে সেবা সহজীকরণ ওয়ান স্টপ সার্ভিস চালুকরণ। যার ফলশ্রুতিতে সেবা সহজীকরণের ফলে নাগরিকগণ একই স্থান হতে ভবন নির্মাণের জন্য প্ল্যান অনুমোদনের সকল কার্যক্রম সম্পন্ন করতে পারছেন। এর ফলে তাদের টাইম, কস্ট এবং ভিজিট কম হচ্ছে।

## বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ

নগরকে পরিচ্ছন্ন রাখার নিয়মিত দক্ষতার পরিচয় দিচ্ছে ময়মনসিংহ সিটি করপোরেশন। ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড এবং শহরের প্রধান সড়কে চালু করা হয়েছে রাত্রিকালীন বর্জ্য নিষ্কাশন ব্যবস্থাপনা। এরফলে সারাদিনে শহরের অভ্যন্তরে আবর্জনা থাকছে না। পূর্বে বর্জ্য ব্যবস্থাপনা কাজটি হতো সকাল থেকে সারাদিন ব্যাপী যার ফলে সিটি কর্পোররেশনের আবর্জনা অপসারণ কাজে নিয়োজিত গার্বেজ ট্রাক ও অন্যান্য যান্ত্রিক গাড়ীর জন্য জনসাধারণের চলাচলের রাস্তায় দীর্ঘ যানজট সৃষ্টি হতো এবং স্কুল কলেজগামী ছাত্র-ছাত্রীদের পরিবেশ দূষণ ও আবর্জনার দুর্গন্ধে অত্যন্ত দূর্ভোগ হতো। বাণিজ্যিক ও আবাসিক এলাকাসমূহের ময়লা আবর্জনা ডাষ্টবিন এবং যত্রতত্র ফেলা হতো, সেখানে আবর্জনাবাহী গাড়ীর

মাধ্যমে তা অপসারণ করা হতো। আবর্জনা অপসারণের পরও আবর্জনা জমে থাকার স্থান থেকে দুঘর্ন্ধ ছড়াতো। ময়মনসিংহ সিটির প্রধান ডাম্পিং স্টেশনের পরিধি বৃদ্ধিসহ ডাম্পিং স্টেশনের অভ্যন্তরে বর্জ্য পরিবহনের সড়ক নির্মাণ এবং ডাম্পিং স্টেশনের সীমানা তৈরির মাধ্যমে চিরচেনা আবর্জনা সরিয়ে দেওয়া হয়েছে। ক্ষতিকর ক্লিনিক্যাল বর্জ্য ধ্বংসে নেয়া হয়েছে আধুনিক ব্যবস্থা। প্রতিদিন হাসপাতাল ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টার থেকে বর্জ্য কাভার্ড ভ্যানের মাধ্যম সংগ্রহ করে আকুয়ায় অবস্থিত প্লান্টে নিয়ে নিষ্কাশন করা হচ্ছে। মানব বর্জ্যকে রূপান্তর করা হচ্ছে জৈব সারে। বছরে উৎপাদন হচ্ছে ১৪ শত টন জৈব সার, যা কাজে লাগছে কৃষকদের। এখন বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনে কাজ করছে সিটি করপোরেশন।

## স্বাস্থ্যবিভাগ

### ইপিআই লক্ষ্যমাত্রা অর্জন-২০২০

Expanded program on Immunization (EPI) সম্প্রসারিত টিকাদান কর্মসূচি হল বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক নিয়মিত টিকাদান কর্মসূচি। যার লক্ষ্য সারা পৃথিবীর সকল শিশুকে এ কর্মসূচির আওতায় এনে প্রতিরোধযোগ্য ১০টি রোগ থেকে মুক্ত রাখা। সাফল্যের সাথে ময়মনসিংহ সিটি কর্পোরেশন এর স্বাস্থ্য বিভাগ এই কার্যক্রম পরিচালনা করে আসছে । ২০২০ সালে ১৩,৪৯৩ জন শিশু এবং ২৫,০১৩ জন মহিলা নিয়েই পিআই'র লক্ষ্য মাত্রার বিপরীতে অর্জিত হয়েছে ১৩,৩১৮ জনশিশু (৯৯%) ও ১৮,৫১০ জন মহিলা (৭৪%)। এরই ধারাবাহিকতায় ২০২০ সালে ময়মনসিংহ বিভাগে ইপিআই কার্যক্রমে প্রথম স্থান অর্জন করে মসিকের স্বাস্থ্য বিভাগ। সিটি কর্পোরেশন স্থায়ী ইপিআই কেন্দ্র তিনটি এবং অস্থায়ী কেন্দ্র রয়েছে ১৬৬টি।

### করোনা প্রতিরোধ বিষয়ক কার্যক্রম ঃ

১। সিটি কর্পোরেশনের উদ্যোগে শহরের গুরুত্বপূর্ণ ১০০টি স্থানে হাত ধোয়ার ব্যবস্থা করা হয়েছে।
২। মাইকে সচেতনতামূলক বার্তা প্রচার ও লিফলেট বিতরণ করা হয়েছে।
৩। শিক্ষা প্রতিষ্ঠানসহ শহরব্যাপী বিনামূল্যে ১০ লক্ষ মাস্ক বিতরণ করা হয়েছে।
৪। করোনা প্রতিরোধে নিয়মিত জীবানুণাশক ছিটানো হয়েছে এবং গুরুত্বপূর্ণ স্থানে জীবানুণাশক টানেল স্থাপন করা হয়েছে।
৫। মানুষ ঘরে থেকে চিকিৎসাসেবা নিতে পারে সেজন্য চালু করা হয়েছে টেলিমেডিসিন সেন্টার। তাছাড়া করোনা সংক্রমন প্রতিরোধে করোনায় আক্রান্ত রোগী ও তার পরিবারের হোম আইসোলেশন নিশ্চিত করার লক্ষ্যে লাল পতাকা দিয়ে রোগীর বাড়ি চিহ্নিতকরণ এবং তাদের নিত্য প্রয়োজনীয় সামগ্রীর ব্যবস্থা করা হয়েছে।
৬। করোনা ভ্যাকসিন প্রদানের ক্ষেত্রেও ময়মনসিংহ সিটি কর্পোরেশন অন্যান্য সিটি কর্পোরেশনের তুলনায় অগ্রগামী ভূমিকা পালন করে আসছে।
৭। করোনা আক্রান্ত ব্যক্তিদের সংস্পর্শে যারা এসেছে তাদের কনট্রাক্ট ট্রেসিং করে প্রয়োজনীয় পরামর্শ দেওয়া হয়েছে।
৮। ৩০ শে জুন ২০২১ পর্যন্ত স্থায়ী কেন্দ্রে ও ওয়ার্ড পর্যায়ে নিয়মিত ক্যাম্পেইনের মাধ্যমে ১৮৯৭০৭ জনকে প্রথম ডোজ টিকা ও ১৪৭০২৩ জনকে দ্বিতীয় ডোজ টিকা প্রদান করা হয়েছে।

### ভিটামিন এ-প্লাসক্যাম্পেইন-২০২০

আমাদের দেশে ভিটামিন 'এ' এর অভাবজনিত সমস্যা প্রতিরোধে স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের অধীনে জাতীয় পুষ্টি সেবা, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান বছরে দুইবার জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন করে থাকে। যার কারণে দেশের প্রতিটি শিশু ভিটামিন 'এ' খাওয়ার সুযোগ পায়। ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইনের উদ্দেশ্য হল ৬ থেকে ৫৯ বয়সী শিশুদের মধ্যে ভিটামিন 'এ' এর অভাবজনিত রাতকানা রোগের প্রাদুর্ভাব এক শতাংশের নিচে কমিয়ে আনা এবং তা অব্যাহত রাখা। এ লক্ষ্যে ময়মনসিংহ সিটি কর্পোরেশনের স্বাস্থ্য বিভাগ ২০২০ সালে 'এ' প্লাস ক্যাম্পেইনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে ৬৬,১৫০ জন শিশু। সেখানে অর্জিত হয় ৯৯% ভাগ অর্থাৎ ৬৫,৪৯০জন।

### স্কুলভিত্তিক কৃমি নিয়ন্ত্রণ কার্যক্রম ঃ

এ কার্যক্রমের অংশ হিসেবে স্কুল ভিত্তিক বছরে ২ বার কৃমি নিয়ন্ত্রণ সপ্তাহ পালন করা হয়। এর লক্ষ্য হচ্ছে প্রাথমিক ও

মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে দেশের ৪-১৬ বছর বয়সী সব শিশুকেবিনামূল্যে এক ডোজ কৃমিনাশক ওষুধ সেবন করানো। কৃমির পুনঃসংক্রমণ রোধকল্পে ব্যক্তিগত ও পরিবেশগত পরিষ্কার পরিচ্ছন্নতা এবং স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহার সম্পর্কে সচেতন করে তোলা। শিশুদের পরিচ্ছন্নতা ও স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহারে প্রোয়োজনীয় স্বাস্থ্য শিক্ষা দেওয়ার ফলে তা অভ্যাসে পরিণত হবে, যা থেকে ভবিষ্যতে শিশুরা কৃমিসহ অন্যান্য পরজীবী বাহিত রোগব্যাধি থেকে পরিত্রান পাবে।

২০২০ সালে ময়মনসিংহ নগরীর ১,০৮,২৩০ জনশিশুকে কৃমিনাশক খাওয়ানোর লক্ষ্যমাত্রা নিয়ে এ কার্যক্রম চালানো হলে তা শতভাগ বাস্তবায়ন করতে সমর্থ হয় মসিকের স্বাস্থ্য বিভাগ।

## জন্ম-মৃত্যু নিবন্ধনকার্যক্রম

ময়মনসিংহ সিটি কর্পোরেশনের স্বাস্থ্য বিভাগের আরেকটি গুরুত্বপূর্ণ কাজ জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রম। অনলাইন ভিত্তিক নিবন্ধীকরণ এ কর্মকান্ড বাস্তবায়িত হচ্ছে ওয়ানস্টপ সার্ভিসের মাধ্যমে। ময়মনসিংহ সিটি কর্পোরেশনে এ পর্যন্ত নগরীর ৩ লাখ ৮২ হাজার ৫৪৯ জনের নিবন্ধন সম্পন্ন হয়েছে। যেখানে মোট জন্মনিবন্ধন সংখ্যা ৩ লাখ ৭২ হাজার ২২৪টি এবং মৃত্যু নিবন্ধন সংখ্যা ১০ হাজার ৩২৫টি।

## মশকনিয়ন্ত্রণ কার্যক্রম

সিটি কর্পোরেশনের মশকনিধন কার্যক্রমে সিটি এলাকায় কোন ডেঙ্গু রোগী পাওয়া যায়নি। এছাড়া এই সময়ে সার্বিক মশক পরিস্থিতি ছিল নিয়ন্ত্রিত। মশকনিধনে নিয়মিত ক্রাশ প্রোগ্রাম, টেকনিক্যাল কমিটি গঠন, হটস্পট চিহ্নিত করে মশকনিধন কার্যক্রম পরিচালনা করা হয়েছে। এছাড়া, ড্রেন, খাল ও জলাশয়েব্যাঙ ও মাছ মুক্তকরণের মাধ্যমে জৈবিক পদ্ধতিতে মশানিয়ন্ত্রণের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

সমাজকল্যাণ বিভাগ-ময়মনসিংহ সিটি কর্পোরেশন কর্তৃক ৪০২ জন নারী ও পুরুষকে দক্ষতা বৃদ্ধির জন্য আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়। কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলায় ত্রিশ হাজার ও এমএস কার্ড বিতরণ করা হয়েছে। নিরাপদ পানি সরবরাহের জন্য ৩টি বস্তিতে কমিউনিটিভিত্তিক পানি সরবরাহের প্রকল্প গ্রহণ করা হয়েছে। এছাড়াও প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের সহযোগিতায় ৩.৩৪ কিলোমিটার (কি:মি:) ফুটপাথ,২.৭৫ কি:মি: ড্রেন, ২.৬২ কি:মি: ড্রেন স্লাব, ১১৭ টুইন-পিট ল্যাট্রিন, ৬২ টি টিউবওয়েল স'াপন, ১৫টি স্ট্রিট লাইট, ১টি সেপ্টিক ট্যাঙ্ক নির্মিত হয়েছে প্রতিবন্ধীদের মাঝে ৫০ টি হুইল চেয়ার বিতরণ করা হয়েছে। প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের সহযোগিতায় ১২৩১ টি গর্ভবতী ও প্রসূতি মায়েদের পুষ্টি অনুদানের আওতায় প্রতি মাসে ফুড বাস্কেট সহায়তা প্রদান করা হয়। মহিলাবিষয়ক অধিদপ্তর এর আওতায় ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মাধ্যমে ১৭৪৮ জনসুবিধাভোগীদের ল্যাকটেটিং মাদার সহায়তা প্রদান করাহয়। সমাজসে বা অধিদপ্তর এ রআওতায় ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মাধ্যমে ১০৬৯ জনপ্রবীণএবং ১৭২৩ জন অস্বচ্ছল প্রতিবন্ধীর মাঝে ভাতা বিতরণ করা হয়েছে। ১০০০ জন দরিদ্র শিশুদের মাঝে পোশাক বিতরণ করা হয়। সিটি কর্পোরেশন কর্তৃক ১৫০০০ পরিবারকে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে। দরিদ্র পরিবারের মাঝে আর্থিক সহায়তাবাবদ ৫৭৪৯ টি পরিবারকে আর্থিক সহায়তা প্রদান করা হয়।

## করোনাকালীন কাযর্ক্রম :

করোনা সংকট মোকাবিলায় সিটি করপোরেশনের বরাদ্দ থেকে দেওয়া হয়েছে ১৩২৭ টন চাল ও ৬৫ লক্ষ টাকার খাদ্য সহায়তা। মেয়র মো: ইকরামুল হক টিটু করোনা মহামারি শুরু হওয়ার সময় থেকে সব কিছু তদারকি করেছেন। এছাড়া তিনি তার ব্যক্তিগত উদ্যোগে প্রায় ৭০ হাজার প্যাকেট খাবার বিতরণ করেছেন। সিটি করপোরেশনের উদ্যোগে জনবহুল ৫২৫টি স্থানে হাত ধোয়ার ব্যবস্থা ১০০ টি মাইকে দৈনিক সচেতনতা বার্তা প্রচার, ৩০টি স্থানে ক্যাম্পেইনের মাধ্যমে সচেতনতামূলক বার্তা প্রচার এবং কয়েক লক্ষ মাস্ক বিতরণ করা হয়েছে। ৪টি গাড়ি এবং ২৫টি স্প্রে মেশিনের মাধ্যমে জীবাণুনাশক ছিটানো হচ্ছে নিয়মিত। স্থাপন করা হয়েছে জীবাণুনাশক টানেল। ডাক্তারদের যাতায়াত এবং স্বাস্থ্য কর্মীদের নমুনা সংগ্রহে করা হয়েছে পরিবহনের ব্যবস্থা। মানুষ যেন ঘরে থেকে চিকিৎসা সেবা নিতে পারে সেজন্য চালু করা হয়েছে টেলিমেডিসিন সেন্টার। এছাড়াও করোনা সচেতনতা বাড়াতে নগরীর একাধিক পয়েন্টে নিয়মিত বিরতিতে করা হচ্ছে মাস্ক ক্যাম্পেইন। করোনা ভ্যাকসিন প্রদান ব্যবস্থাপনায়ও সিটি করপোরেশন দায়িত্বশীলতার পরিচয় দিয়েছে। শুরু থেকেই ময়মনসিংহ বিভাগের সকল জেলার মধ্যে ময়মনসিংহ সিটি করপোরেশন এলাকায় করোনা ভ্যাকসিন রেজিস্ট্রেশন এবং টিকা গ্রহণের পরিমাণ ছিল সর্বোচ্চ।

# ২০২০-২০২১ অর্থবছরের বিশেষ সাফল্য

মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ ইচ্ছানুযায়ী দেশের নবীনতম সিটি কর্পোরেশন হিসেবে ২০১৮ সালের ১৪ই অক্টোবর যাত্রা শুরু করে ময়মনসিংহ সিটি কর্পোরেশন। নবগঠিত এ সিটি কর্পোরেশন ঐতিহ্যবাহী ময়মনসিংহ নগরীর অবকাঠামো উন্নয়ন এবং নগরবাসীর জীবনমান বৃদ্ধিতে কাজ করছে। পুরনো এই শহরের অন্যতম প্রধান সমস্যা ছিলো জলাবদ্ধতা। জলাবদ্ধতা নিরসনে পুরনো ড্রেন সংস্কার করার পাশাপাশি নতুন নতুন ড্রেন, আন্ডারগ্রাউন্ড পাইপ ড্রেন নির্মাণ করা হয় যার দৈর্ঘ্য ১৫ কি: মি:। নগরবাসীর চলাচল সহজ করতে সড়ক প্রশস্তকরণে নজর দেয়া হয়। স্টেশন রোড, কাশর রোড, বাউন্ডারি রোড সহ ছয়টি সড়ক প্রশস্তকরণ সম্পন্ন হয়েছে। নির্মাণ করা হয়েছে নতুন নতুন সড়ক। দৈর্ঘ্য প্রায় ৩৩ কিলোমিটার। নগরকে পরিচ্ছন্ন রাখার চ্যালেঞ্জ মোকাবেলায় বিশেষ উদ্যোগ নেয়া হয় বর্জ্য ব্যবস্থাপনায়। ক্ষতিকর ক্লিনিক্যাল বর্জ্য ধ্বংসে নেয়া হয়েছে আধুনিক ব্যবস্থা। প্রতিদিন হাসপাতাল, ক্লিনিক ও ডায়াগনোস্টিক সেন্টার থেকে বর্জ্য কাভার্ড ভ্যানের মাধ্যমে সংগ্রহ করে, আকুয়ায় অবস্থিত প্লান্টে নিয়ে ব্যবস্থাপনা করা হয়। আর মানব বর্জ্যকে রুপান্তর করা হচ্ছে জৈব সারে। বর্জ্য থেকে সার উৎপাদনের লক্ষ্যে কম্পোষ্ট প্ল্যান্ট নির্মাণ করা হয়েছে। ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকায় ভবন নির্মাণের জন্য প্ল্যান অনুমোদনের ক্ষেত্রে সেবা সহজীকরণ ওয়ান স্টপ সার্ভিস। সহজীকরণের ফলে নাগরিকগণ একই স্থান হতে ভবন নির্মাণের জন্য প্ল্যান অনুমোদনের সকল কার্যক্রম সম্পন্ন করতে পারছেন। এর ফলে তাদের টাইম, কস্ট এবং ভিজিট কম হচ্ছে। বাধ্যতামূলক ভাবে জন্মনিবন্ধীকরণ নিশ্চিত করা হচ্ছে। স্থানীয় পর্যায়ে শাসন নিশ্চিত করার লক্ষ্যে কর্মকর্তা কর্মচারীদের নিয়মিত প্রশিক্ষণ কর্মসূচী চলমান মুক্তিযুদ্ধের চেতনার বিকাশ, ইতিহাস সংরক্ষণ এবং সুস্থ সাংস্কৃতিক বিকাশে কাজ করছে ময়মনসিংহ সিটি করপোরেশন। বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধের চেতনাকে ছড়িয়ে দিতে সিটি মেয়রের উদ্যোগে ২০২০ সালের বিজয় দিবসে উদ্বোধন করা হয়েছে জয়বাংলা চত্বর। তাছাড়া, নিয়মিত বিভিন্ন সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা হচ্ছে। এমনকি করোনাকালেও সাংস্কৃতিক প্রতিযোগিতা, বিজয় দিবস উপলক্ষে সাংস্কৃতিক প্রতিযোগিতা এবং বঙ্গবন্ধুর জন্মদিন ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এক্ষেত্রে মাসব্যাপী বঙ্গবন্ধুর ওপর আলোকচিত্র প্রদর্শনী এবং বঙ্গবন্ধুকে জানো মুক্তিযুদ্ধকে জানো কুইজ প্রতিযোগিতা নগরবাসীর মাঝে ব্যাপক সাড়া জাগিয়েছে।




# মুজিববর্ষে ময়মনসিংহ সিটি কর্পোরেশন

## ময়মনসিংহ সিটি কর্পোরেশনের পরিকল্পনা

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী (মুজিববর্ষ-২০২০) উদযাপন উপলক্ষে সরকার সারাদেশে ব্যাপক কর্মসূচি ঘোষণা করেছেন। এরই অংশ হিসেবে মুজিববর্ষ-২০২০ ব্যাপক সমারোহ ও মহাড়ম্বরে উদযাপনের জন্য সরকারের নির্দেশনা মোতাবেক ময়মনসিংহ সিটি কর্পোরেশেন কর্তৃক বছরব্যাপী র্কমপরিকল্পনা প্রণয়ন করা হয়ছে। এছাড়া মুজিববর্ষ-২০২০ সামনে রেখে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে 'পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর' র্কাযক্রমের পৃথক একটি র্কমপরিকল্পনা প্রণয়ন করা হয়ছে। গৃহীত কর্মসূচি বাস্তবায়নে ময়মনসিংহ সিটি কর্পোরেশনের সকল কাউন্সলির,

## জাতির পিতার জন্মশতবার্ষিকী পালনে গৃহীত র্কাযক্রম

১। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকীসহ মুজিববর্ষ উদযাপন উপলক্ষে নগরীর টাউনহল প্রাঙ্গণে স্থাপিত এলইডি স্ক্রিনে কাউন্টডাউন বা ক্ষণগণনা কার্যক্রম। পাশাপাশি বঙ্গবন্ধুর উপর নির্মিত প্রামাণ্যচিত্র/ডকুমেন্টারি নগরীর দশটি স্থানে এলইডি স্কিনের মাধ্যমে প্রদর্শন করা।
২। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকীসহ মুজিববর্ষ বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি ও পুষ্পস্তবক অর্পণ।
৩। মুজিববর্ষ উদযাপন উপলক্ষে বর্ণাঢ্য র‌্যালি।
৪। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও শিশু দিবস উপলক্ষে কেককাটা।
৫। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ম্যুরাল নির্মাণ।
৬। সিটি কর্পোরেশন এর সকল ওয়ার্ডে দুস্থ ও অসহায় মানুষদের জন্য আনন্দ ভোজের আয়োজন করা।
৭। সিটি কর্পোরেশন এর সকল মসজিদ মাদ্রাসায় কোরআন তেলাওয়াত এর ব্যবস্থা করা।
৮। শিশু কিশোরদের মাঝে চিত্রাংকন, রচনা, কুইজ প্রতিযোগিতা, বিতর্ক প্রতিযোগিতার ব্যবস্থা করা।
৯। সিটি কর্পোরেশনের সকল ওয়ার্ডে সপ্তাহে ২ দিন (শুক্র ও শনিবার) রক্তদান কর্মসূচির ব্যবস্থা করা।
১০ বিশেষ সাংস্কৃতিক অনুষ্ঠান এর আয়োজন করা ।
১১। গণস্বাক্ষর কার্যক্রমের আয়োজন করা।

১২। সিটি কর্পোরেশন এর সকল ওয়ার্ডে সড়ক বাতির ব্যবস্থা নিশ্চিত করা এবং আলোকসজ্জা করা।
১৩। সিটি কর্পোরেশন এর সকল ওয়ার্ডে, সকল প্রতিষ্ঠানে পরিচ্ছন্নতা কার্যক্রম নিশ্চিত করা ।
১৪। ব্রহ্মপুত্র নদে লেজার শো এর ব্যবস্থা করা
১৫। প্রীতি ফুটবল ম্যাচ, ক্রিকেট টি-২০, ঘুড়ি উড়ানো, ঘোড়াদৌড়, নৌকাবাইচ, মহিলাদের জন্য বিশেষ খেলা, ম্যারাথন দৌড়, সাইকেল র‌্যালি, হাডুডু খেলার আয়োজন করা।
১৬। সিটি কর্পোরেশন এলাকায় বিশেষ মশকনিধন কার্যক্রম পরিচালনা করা।
১৭। কয়েক কিলোমিটারব্যাপী মানবশৃঙ্খল তৈরি করা।
১৮। বীর মুক্তিযোদ্ধাদেরকে নিয়ে বঙ্গবন্ধুর জীবনাদর্শ সম্পর্কে আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা।
১৯। বঙ্গবন্ধুর স্মৃতিবিজরিত জায়গায় অনুষ্ঠান আয়োজন ।
২০। প্রতিবন্ধী ব্যক্তিদের মাঝে হুইল চেয়ার বিতরণ।
২১। ক্যালেন্ডার ছাপানো ও বিতরণ।
২২। স্কুল কলেজের ছাত্র/ছাত্রীদের মাঝে জাতির পিতা বঙ্গবন্ধুর জীবনী সম্বলিত বই বিতরণ।
২৩। ফলজ, বনজ ও ঔষধি বৃক্ষরোপণ।
২৪। বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষে বিশেষ স্মারকগ্রন্থ/পুস্তিকা প্রকাশ করা।
২৫। মুজিববর্ষের ১২ (বার) মাসে ১২টি উল্লেখযোগ্য অনুষ্ঠান আয়োজন।
২৬। নগরীর প্রবেশমুখসহ গুরুত্বপূর্ণ স্থান সমূহে বঙ্গবন্ধুর ছবি সম্বলিত সাইনবোর্ড ডিসপ্লে প্রদর্শন করা।
২৭। অটিজম ও প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য বিশেষ অনুষ্ঠানের আয়োজন।
২৮। সিটি কর্পোরেশনের পাঁচটি সেবা অনলাইনে প্রদান।



ময়মনসিংহ সিটি কর্পোরেশনের

# সিটিজেন চার্টার

## ভিশন ও মিশন

**ভিশন :**

টেকসই ও যুগোপযোগী নাগরিক সুযোগ সুবিধা সম্বলিত
পরিচ্ছন্ন-সবুজ-আধুনিক নগরী গড়ে তোলা।

**মিশন :**

সেবামুখী, কল্যাণধর্মী এবং অংশগ্রহণমূলক প্রতিষ্ঠান গড়ে তোলা।

**ময়মনসিংহ সিটি কর্পোরেশন**

## প্রতিশ্রুত সেবাসমূহ

### না গ রি ক  সে বা

| সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী, পদবী, কক্ষ নম্বর, দাপ্তরিক টেলিফোন ও ই-মেইল | উর্ধ্বতন কর্মকর্তার পদবী, কক্ষ নম্বর, দাপ্তরিক টেলিফোন ও ই-মেইল |
|---|---|---|---|---|---|---|
| **তথ্য সেবা প্রদান** | নাগরিকদের চাহিদামাফিক তথ্যসেবা মৌখিক/লিখিত | প্রযোজ্য ক্ষেত্রে লিখিত আবেদন | বিনামূল্যে | তাৎক্ষণিক/ ০২ কার্যদিবসের মধ্যে | **কাঞ্চন কুমার নন্দী** প্রশাসনিক কর্মকর্তা কক্ষ নং ০৬ মোবাইল ০১৭৫৭ ৫৮৯৩৩৩ | **রাজীব কুমার সরকার** সচিব কক্ষ নং ০৫ মোবাইল ০১৭১২ ৮৮৭৩১৮ ০৯১-৫৪৪৭৫ |
| **সিটি সেবা সম্পর্কে পরামর্শ** | নাগরিকদের চাহিদামাফিক তথ্যসেবা মৌখিক/লিখিত | প্রযোজ্য নয় | বিনামূল্যে | তাৎক্ষণিক/ ০২ কার্য দিবসের মধ্যে | | |
| **বিভিন্ন প্রকার আবেদনপত্র গ্রহণ** | আবেদনকারী/ প্রতিনিধির ব্যক্তিগত উপস্থিতির মাধ্যমে | প্রযোজ্য নয় | বিনামূল্যে | তাৎক্ষণিক | **বদিউজ্জামান** অভ্যর্থনাকারী কক্ষ নং ২ মোবাইল ০১৭৪১ ৯৭৬০৩৪ | |
| **বিভিন্ন বিষয়ে আগত অভিযোগ** | চিঠি/ অনুমতিপত্র | অভিযোগ ফরম www. mcc.gov.bd | নির্ধারিত ফি | ১০ কার্য দিবসের মধ্যে | **মোঃ হযরত আলী** প্রধান সহকারী কক্ষ নং ৭ | |
| **অভিযোগের নকল/অনুলিপি প্রদান** | নকল/অনুলিপি প্রদান | আবেদনপত্র www. mcc.gov.bd | নির্ধারিত ফি | ০৭ কার্য দিবসের মধ্যে | | |
| **দোকান বরাদ্দ সংক্রান্ত কার্যক্রম** | চিঠি/ অনুমতিপত্র | ট্রেড লাইসেন্স, এনআইডি, ছবি | সেলামী ও মাসিক ভাড়ার ভিত্তিতে | ০৭ কার্য দিবসের মধ্যে | **খন্দকার জাহাঙ্গীর আলম** বাজার পরিদর্শক কক্ষ নং ০৮ মোবাইল ০১৭১১ ০১৬৫৪৫ | **সেঁজুতি ধর** প্রধান রাজস্ব কর্মকর্তা |

| সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী, পদবী, কক্ষ নম্বর, দাপ্তরিক টেলিফোন ও ই-মেইল | উর্ধ্বতন কর্মকর্তার পদবী, কক্ষ নম্বর, দাপ্তরিক টেলিফোন ও ই-মেইল |
|---|---|---|---|---|---|---|
| **হাট-বাজার ইজারা** | চিঠি/ অনুমতিপত্র | ট্রেড লাইসেন্স, এনআইডি, ছবি | ইজারা মূল্য প্রাপ্তির মাধ্যমে | ১০ কার্য দিবসের মধ্যে | | |
| **সমাজকল্যাণ বিষয়ক কার্যক্রম** | চিঠি/ অনুমতিপত্র | এনআইডি, কাউন্সিলর কর্তৃক প্রত্যয়ন, ছবি | বিনামূল্যে | ১০ কার্য দিবসের মধ্যে | **উম্মে হালিমা**<br>সমাজকল্যাণ কর্মকর্তা<br>কক্ষ নং ২৭<br>মোবাইল ০১৬১৬ ২২৩০১৫ | **লুৎফুন নাহার**<br>প্রধান সমাজকল্যাণ কর্মকর্তা<br>কক্ষ নং ২৬<br>মোবাইল ০১৬২৪ ৭৬২৫০১ |
| **বার্ষিক অনুদান প্রদান** | চিঠি/ অনুমতিপত্র | এনআইডি, কাউন্সিলর কর্তৃক প্রত্যয়ন, ছবি | বিনামূল্যে | ১০ কার্য দিবসের মধ্যে | | |
| **লাইসেন্স** | চিঠি/ অনুমতিপত্র | এনআইডি, কাউন্সিলর কর্তৃক প্রত্যয়ন, ছবি | নির্ধারিত ফি | ১৫ কার্য দিবসের মধ্যে | **ইফতেখারুল ইসলাম**<br>লাইসেন্স ইন্সপেক্টর<br>মোবাইল ০১৬৭২-৮৬০৫২০ | **সেঁজুতি ধর**<br>প্রধান রাজস্ব কর্মকর্তা |
| **রিক্সা, ভ্যান, ঠেলাগাড়ি ও নবায়ন (চালক)** | চিঠি/ অনুমতিপত্র | এনআইডি, কাউন্সিলর কর্তৃক প্রত্যয়ন, ছবি | নির্ধারিত ফি | ১৫ কার্য দিবসের মধ্যে | | |
| **নতুন হোল্ডিং** | চিঠি/ অনুমতিপত্র | দলিল খারিজের কপি, পানির বিল পরিশোধের কপি, এনআইডি, কাউন্সিলর/ চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়ন, ছবি | ২০০০/- | ১৫ কার্য দিবসের মধ্যে | **এম.এ. হান্নান**<br>এসেসর<br>কক্ষ নং ১৬<br>মোবাইল ০১৭১৮ ৫৯১৮৬০ | **সেঁজুতি ধর**<br>প্রধান রাজস্ব কর্মকর্তা |
| **নামজারী** | চিঠি/ অনুমতিপত্র | | ২০০০/- | ১৫ কার্য দিবসের মধ্যে | | |
| **মঞ্জুরী ফি** | চিঠি/ অনুমতিপত্র | | ২৫০০/- | ১৫ কার্য দিবসের মধ্যে | | |
| **ইমারতের নক্সা অনুমোদন** | চিঠি/ অনুমতিপত্র | মাটি পরীক্ষার রির্পোটের মূলকপি, সাবমারসিবল পাম্প স্থাপনের রশিদের ফটোকপি, হালনাগাদ খাজনার ফটোকপি, সিটি-কর পরিশোধের এবং ভূমি খারিজের ফটোকপি, বিআরএস খতিয়ানের ফটোকপি, সুপারভিশন ইঞ্জিনিয়ার কর্তৃক প্রত্যয়নপত্রের মূলকপি, ভূমির দলিলের ফটোকপি, মূল নকশা ০৭ কপি | সিটি বিধি অনুযায়ী নির্ধারিত মূল্যে (ব্যাংকের মাধ্যমে) ২০০৮ অনুযায়ী | ৩০ কার্য দিবসের মধ্যে | **সুজন তরফদার**<br>সার্ভেয়ার<br>**মুবাস্সির আহমেদ**<br>সার্ভেয়ার<br>কক্ষ নং ২৫ | **মানস বিশ্বাস**<br>নগর পরিকল্পনাবিদ<br>কক্ষ নং ২৮<br>মোবাইল ০১৭১২ ২৮৮৪০১ |

| সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী, পদবী, কক্ষ নম্বর, দাপ্তরিক টেলিফোন ও ই-মেইল | উর্ধ্বতন কর্মকর্তার পদবী, কক্ষ নম্বর, দাপ্তরিক টেলিফোন ও ই-মেইল |
|---|---|---|---|---|---|---|
| রাস্তা কর্তনের অনুমতি (গ্যাস, পানির লাইন ইত্যাদি) | চিঠি/ অনুমতিপত্র | আবেদনপত্র www. mcc.gov.bd | নির্ধারিত মূল্যে | ১৫ কার্য দিবসের মধ্যে | **মোঃ জিল্লুর রহমান**<br>নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ)<br>কক্ষ নং ২৩<br>মোবাইল<br>০১৭১১ ৪৭৮৩৫১ | **মোঃ রফিকুল ইসলাম মিঞা**<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>কক্ষ নং ১৯<br>মোবাইল<br>০১৭১১ ৪৫৯১৮৯ |
| ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়ন | চিঠি/ অনুমতিপত্র | আবেদনপত্র www. mcc.gov.bd | তালিকাভুক্ত ৫০০০/- ও নবায়ন ৩০০০/- | ১৫ কার্য দিবসের মধ্যে | **মোঃ জহরুল হক**<br>নির্বাহী প্রকৌশলী<br>মোবাইল<br>০১৭১১ ৪৪৬৩১৮ | |
| সড়ক/বাতি রক্ষণাবেক্ষণ | চিঠি/ অনুমতিপত্র | আবেদনপত্র www. mcc.gov.bd | বিনামূল্যে | ১৫ কার্য দিবসের মধ্যে | **মোঃ জিল্লুর রহমান**<br>নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ)<br>কক্ষ নং ২৩<br>মোবাইল<br>০১৭১১ ৪৭৮৩৫১ | |
| রোড রোলার ভাড়া প্রদান ক) ৮-১০ টনী খ) ৬-৮ টনী | নকল/অনুলিপি প্রদান | আবেদনপত্র www. mcc.gov.bd | ৩০০০/- | ০৩ কার্য দিবসের মধ্যে | **মোঃ শফি কামাল**<br>সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)<br>কক্ষ নং ২৩<br>মোবাইল<br>০১৭১১ ৪৭৮৩৫১ | |
| অসুস্থ রোগীদের জন্য পরিবহন/ এ্যাম্বুলেন্স সরবরাহ | ফোন অথবা সংবাদ পাওয়া সাপেক্ষে। চিঠি/ফোনালাপের মাধ্যমে | আবেদনপত্র www. mcc.gov.bd | বিনামূল্যে | সার্বক্ষণিক | **ডা. রেদাউর রহমান খান**<br>মেডিকেল অফিসার<br>মোবাইল<br>০১৭১৭ ৬২৫৬৩৫ | **ডা. হরেকৃষ্ণ দেবনাথ**<br>প্রধান স্বাস্থ্য কর্মকর্তা<br>মোবাইল<br>০১৭১১ ১৮৬২০৭ |
| আবাসিক/ বাণিজ্যিক পানি সরবরাহের সংযোগ | চিঠি/ অনুমতিপত্র | দলিল, খারিজের কপি, পানির বিল পরিশোধের কপি, এনআইডি, কাউন্সিলর/ চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়ন, ছবি | ৫০০/- | ১৫ কার্য দিবসের মধ্যে | **মোঃ জিল্লুর রহমান**<br>নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ)<br>কক্ষ নং ২৩<br>মোবাইল<br>০১৭১১ ৪৭৮৩৫১ | **মোঃ রফিকুল ইসলাম মিঞা**<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>কক্ষ নং ১৯<br>মোবাইল<br>০১৭১১ ৪৫৯১৮৯ |

| সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী, পদবী, কক্ষ নম্বর, দাপ্তরিক টেলিফোন ও ই-মেইল | উর্ধ্বতন কর্মকর্তার পদবী, কক্ষ নম্বর, দাপ্তরিক টেলিফোন ও ই-মেইল |
|---|---|---|---|---|---|---|
| হস্তচালিত নলকূপ | চিঠি | আবেদনপত্র www.mcc.gov.bd | বিনামূল্যে | প্রতি অর্থ-বছর | | |
| জন্ম/মৃত্যু সনদ | সনদ | এনআইডি, কাউন্সিলর কর্তৃক প্রত্যয়ন, ছবি | ৫০/- | ০৭ কার্য দিবসের মধ্যে | **দীপক মজুমদার** খাদ্য ও স্যানিটেশন কর্মকর্তা কক্ষ নং পুরাতন বিল্ডিং মোবাইল ০১৭১৬ ২৩৭৮৭৩ | **ডা. রেদাউর রহমান খান** মেডিকেল অফিসার মোবাইল ০১৭১৭ ৬২৫৬৩৫ |

## প্রাতিষ্ঠানিক সেবা

| সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী, পদবী, কক্ষ নম্বর, দাপ্তরিক টেলিফোন ও ই-মেইল | উর্ধ্বতন কর্মকর্তার পদবী, কক্ষ নম্বর, দাপ্তরিক টেলিফোন ও ই-মেইল |
|---|---|---|---|---|---|---|
| রাস্তা কর্তনের অনুমতি (গ্যাস লাইন ইত্যাদি কাজে) | চিঠি | আবেদনপত্র www.mcc.gov.bd | নির্ধারিত মূল্যে | ১৫ কার্য দিবসের মধ্যে | **মোঃ জিল্লুর রহমান** নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) কক্ষ নং ২৩ মোবাইল ০১৭১১ ৪৭৮৩৫১ | **মোঃ রফিকুল ইসলাম মিঞা** তত্ত্বাবধায়ক প্রকৌশলী কক্ষ নং ১৯ মোবাইল ০১৭১১ ৪৫৯১৮৯ |
| বিভিন্ন প্রতিষ্ঠানে প্রশিক্ষণ প্রদানে আর্থিক অনুদান | চিঠি | আবেদনপত্র www.mcc.gov.bd | বিনামূল্যে | ০৩ কার্য দিবসের মধ্যে | **মুহাঃ আমিনুল ইসলাম** সহকারী সচিব কক্ষ নং ০৬ মোবাইল ০১৭৫৭ ৫৮৯৩৩৩ | **রাজীব কুমার সরকার** সচিব কক্ষ নং ০৫ মোবাইল ০১৭১২ ৮৮৭৩১৮ |
| বিভিন্ন প্রতিষ্ঠানে ভাতা প্রদানে আর্থিক সহযোগিতা প্রদান | চিঠি | আবেদনপত্র www.mcc.gov.bd | বিনামূল্যে | ০৩ কার্য দিবসের মধ্যে | | |

## অভ্যন্তরীণ সেবা / দাপ্তরিক সেবা

| সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী, পদবী, কক্ষ নম্বর, দাপ্তরিক টেলিফোন ও ই-মেইল | উর্ধ্বতন কর্মকর্তার পদবী, কক্ষ নম্বর, দাপ্তরিক টেলিফোন ও ই-মেইল |
|---|---|---|---|---|---|---|
| সেবা কার্যক্রম ত্বরান্বিত করার জন্য কর্মকর্তা/ কর্মচারীর কাজ/ বিভাগ বন্টন | অফিস আদেশ | প্রযোজ্য নহে | বিনামূল্যে | ০৩ কার্যদিবস | **মুহাঃ আমিনুল ইসলাম**<br>সহকারী সচিব<br>কক্ষ নং ০৬<br>মোবাইল<br>০১৭৫৭ ৫৮৯৩৩৩ | **রাজীব কুমার সরকার**<br>সচিব<br>কক্ষ নং ০৫<br>মোবাইল<br>০১৭১২ ৮৮৭৩১৮ |
| কর্মকর্তা ও কর্মচারীদের বিভিন্ন প্রকারের ঐচ্ছিক ছুটি প্রদান সংক্রান্ত | অফিস আদেশ | আবেদনপত্র www. mcc.gov.bd | বিনামূল্যে | ০১ কার্য দিবসের মধ্যে | | |
| কর্মকর্তা ও কর্মচারীদের মাতৃত্বকালীন ছুটি প্রদান সংক্রান্ত | অফিস আদেশ | আবেদনপত্র, ডাক্তার কর্তৃক প্রত্যয়নপত্র www. mcc.gov.bd | বিনামূল্যে | ০১ কার্য দিবসের মধ্যে | | |
| কর্মকর্তা ও কর্মচারীদের অবসরকালীন ছুটি প্রদান সংক্রান্ত | অফিস আদেশ | আবেদনপত্র, www. mcc.gov.bd | বিনামূল্যে | ০১ কার্য দিবসের মধ্যে | | |
| কর্মকর্তা ও কর্মচারীদের জিপিএফ অগ্রিম প্রদান | বরাদ্দ প্রদান | আবেদনপত্র, www. mcc.gov.bd | বিনামূল্যে | ০৩ কার্য দিবসের মধ্যে | | |
| কর্মকর্তা ও কর্মচারীদের বার্ষিক বর্ধিত বেতন বৃদ্ধি | অফিস আদেশ | প্রয়োজন অনুযায়ী | বিনামূল্যে | ০১ কার্য দিবসের মধ্যে | | |
| কর্মকর্তা ও কর্মচারীদের শ্রান্তি বিনোদন ভাতা মঞ্জুর সংক্রান্ত | অফিস আদেশ | আবেদনপত্র, www. mcc.gov.bd | বিনামূল্যে | ০৭ কার্য দিবসের মধ্যে | | |
| কর্মকর্তা ও কর্মচারীদের গৃহ নির্মাণ সংক্রান্ত | চিঠি | আবেদনপত্র, www. mcc.gov.bd | বিনামূল্যে | ০৭ কার্য দিবসের মধ্যে | | |

## নাগরিকবৃন্দের কাছে প্রত্যাশা

| ক্র. | প্রতিশ্রুত/কাঙ্ক্ষিত সেবাপ্রাপ্তির লক্ষ্যে করণীয় |
|---|---|
| ০১. | সাক্ষাতের জন্য ধার্য তারিখ ও সময়ে উপস্থিত থাকা |
| ০২. | নির্ধারিত ফরমে ত্রুটিমুক্ত ও স্বয়ংসম্পূর্ণ আবেদন জমা প্রদান |
| ০৩. | সেবা গ্রহণের জন্য অনাবশ্যক ফোন বা তদবির না করা |
| ০৪. | যথাযথ প্রক্রিয়ায় প্রয়োজনীয় চার্জ/ফি পরিশোধ করা |
| ০৫. | সিটি কর্পোরেশনের কার্যক্রম সম্পর্কে অবহিত থাকা |
| ০৬. | প্রযোজ্য ক্ষেত্রে মোবাইল/ইমেইল ঠিকানায় প্রেরিত নির্দেশনা অনুসরণ করা |
| ০৭. | সিটি কর্পোরেশনের ওয়েবসাইট ভিজিট |
| ০৮. | প্রয়োজনীয় অন্যান্য তথ্য প্রদান করা |

## অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি : (GRS)

**সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে নিম্নোক্ত কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করুন।**

| ক্র. | কখন যোগাযোগ করবেন | কার সঙ্গে যোগাযোগ করবেন | যোগাযোগের ঠিকানা ও ফোন নম্বর | নিষ্পত্তির সময়সীমা |
|---|---|---|---|---|
| ০১. | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে না পারলে | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) | সচিব<br>রুম নং-০৫<br>টেলিফোন<br>০১৭১২ ৮৮৭৩১৮ | ১৫ কার্য দিবসের মধ্যে |
| ০২. | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) নির্দিষ্ট সময়ে সমাধান দিতে না পারলে | আপিল কর্মকর্তা | প্রধান নির্বাহী কর্মকর্তা<br>রুম নং-১৮<br>টেলিফোন ০১৭১২ ৭৯৭০৬০ | ১০ কার্য দিবসের মধ্যে |
| ০৩. | আপিল কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান না পারলে | স্থানীয় সরকার বিভাগের জিআরএস | অভিযোগ গ্রহণ কেন্দ্র,<br>স্থানীয় সরকার বিভাগ,<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা | ৩০ কার্য দিবসের মধ্যে |




জনাব মোঃ ইকরামুল হক
জনাব আমিনুল ইসলাম
জনাবা শাহনাজ বেগম


মোঃ ইকরামুল হক

## চলমান উন্নয়ন কর্মকাণ্ড















# করোনাকালে ত্রাণ বিতরণ








# করোনাকালে ত্রাণ বিতরণ







## করোনাকালে ত্রাণ বিতরণ









# করোনায় মৃতের দাফন ও সৎকার









# করোনাকালে গৃহীত পদক্ষেপ





